

মুগাত্য

শেকৃবিতে ৫৫২ শিক্ষার্থী পেলেন ডিন'স অ্যাওয়ার্ড

প্রকাশ : ২৮ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



শেকৃবি প্রতিনিধি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) ৰোবৰার ৫৫২ জন শিক্ষার্থীকে ডিন'স অ্যাওয়ার্ড দেয়া হয়। ২০০৩ থেকে ২০১৮ শিক্ষাবর্ষ পর্যন্ত জিপিএ ৪ এর মধ্যে ন্যূনতম ৩.৮০ অর্জনকারী কৃষি অনুষদের শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

শেকৃবি আন্তর্গ্রাহীয়েট আর্ডিন্যান্স ২০০৩, রিভাইজড ২০০৫, রিভাইজড ২০০৮ এবং রিভাইজড ২০১৪ এর ধারা ২১ অনুযায়ী ২০০৩ থেকে ২০১৪ শিক্ষাবর্ষ পর্যন্ত প্রতি লেভেলের প্রথম ও দ্বিতীয় সেমিস্টারের প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৩.৭৫ এবং ২০১৫ থেকে ২০১৮ শিক্ষাবর্ষ পর্যন্ত ন্যূনতম জিপিএ ৩.৮০ মিলে মোট এক হাজার ২০ জন শিক্ষার্থী ডিন'স অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন। তাদের মধ্যে ৫৫২ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন সম্পন্ন করায় রেজিস্ট্রার্ড ৫৫২ জন শিক্ষার্থীকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে।

এর মধ্যে ১৭ জন শীর্ষ মেধাবীকে মধ্যে সম্মাননা দেয়া হয়। তারা হলেন- ড. কামরূণ নাহার, ফরিদা আক্তার, তনুশী হালদার, খুরশিদা পারভিন, নিপা মোনালিসা, রাখি ব্যানার্জি, রেবেকা সুলতানা, জামাতুল ফেরদৌস, বদরুল্লেছা সম্পা, স্বর্ণা সোম, নাহিদ আক্তার, সানজিদা জাহান, ইমাম হোসেন, সায়মা বিলা সেতু, জাকিয়া ইসলাম, হোসমে আরা ও শারমিন আক্তার।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাহিম সম্মাননাপ্রাপ্তদের উদ্দেশে বলেন, ‘আপনাদের কৃষি খাতে নেতৃত্ব দেয়ার মতো যোগ্যতা অর্জন করতে হবে। এটি একটি সার্টিফিকেট হলেও তা গর্বের, যা পরবর্তী সময়ে সন্তান-সন্ততিদের অতীতের গৌরবগাথা মনে করিয়ে দেবে।’

শিক্ষার পাশাপাশি গবেষণায় জোর দেয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, কৃষিকে সর্বজনীনভাবে মানবকল্যাণে কাজে লাগাতে কৃষিবিদদের আরও সক্রিয় ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগ এবং সংশ্লিষ্ট অনুষদের ডিন প্রফেসর ড. মো. ফজলুল করিম। প্রশিক্ষণযোগ্য, বাকি ৪৬৮ জন শিক্ষার্থীর তালিকা বিজ্ঞাপিত হলে ডিন বরাবর নির্দিষ্ট মানদণ্ড অনুযায়ী নম্বরপত্রসহ আবেদনপত্র জমা দিয়ে ডিন'স অ্যাওয়ার্ড গ্রহণ করতে পারবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড প্রিজেকশন লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।